ছাত্রলীগের বিরুদ্ধে মেহেরপুরে ছাত্রদলের মোটরসাইকেল শোডাউন

নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের বিরুদ্ধে মোটরসাইকেল শোডাউন ও পথসভার আয়োজন করা হয়েছে।

রোববার বিকেলে জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানির নেতৃত্বে শোডাউনটি অনুষ্ঠিত হয়।

মোটরসাইকেল শোডাউনটি মেহেরপুর জেলা বিএনপির কার্যালয় প্রাঙ্গণ থেকে শুরু হয়ে হোটেল বাজার মোড়, কলেজ মোড় ও হাসপাতাল মোড় প্রদক্ষিণ করে মেহেরপুর বড়বাজারে গিয়ে শেষ হয়। পরে সেখানে একটি সংক্ষিপ্ত পথসভা অনুষ্ঠিত হয়।

শোডাউনে উপস্থিত ছিলেন জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনি, জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য হাসান, পৌর ছাত্রদলের নেতা রাব্বি, আমঝুপি ইউনিয়ন ছাত্রদল নেতা সুইম, বুড়িপোতা ইউনিয়ন ছাত্রদল নেতা সাজ্জাদসহ ছাত্রদল ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের মটরসাইকেল শোডাউন

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে আজ বুধবার বিকালে দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি আরিফুর ইসলাম মল্লিক ও সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু’র নেতৃত্বে দামুড়হুদা উপজেলা ছাত্রলীগ প্রায় তিন শত মটর সাইকেলের এক বিশাল শোডাউন করেছে।

”শেখ হাসিনার সালাম নিন নৌকা মার্কায় ভোট দিন” এ শ্লোগান দিয়ে স্থানীয় সাংসদ হাজী আলী আজগার টগর এমপির পক্ষে এই মটর সাইকেলের বহর চিৎলা থেকে বের হয়ে উপজেলাব্যাপী প্রদক্ষিন করে।